গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
মার্কেটিং ও কর্পোরেট প্ল্যানিং বিভাগ
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের 'নৈতিকতা কমিটি'র অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি), বাংলাদেশ রেলওয়ে।
তারিখ ও সময় : ১২.১০.২০২১ খ্রিঃ, বিকাল ০২:৩০ ঘটিকা।
স্থান : সম্মেলন কক্ষ (কক্ষ নং-৬৩১), রেলভবন, ঢাকা।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সংযুক্ত।

২.০। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সিনিয়র পরিকল্পনা কর্মকর্তা/১ সভাপতির অনুমতিক্রমে সভার বিষয়বস্তু উপস্থাপন করেন।

৩.০। সভায় ২০২১-২২ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা ও পরিবীক্ষণের লক্ষ্যে নিম্নোক্ত **সাধারণ সিদ্ধান্ত** গৃহীত হয়।

(৩.১) বিভাগ/দপ্তর/আঞ্চলিক প্রধানগণ আওতাধীন দপ্তর সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের বিষয়টি নিবিড়ভাবে তদারকি করবেন।

(৩.২) বিভিন্ন বিভাগ/দপ্তর/অঞ্চলের জন্য নিয়োজিত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ স্ব-স্ব বিভাগ/দপ্তর/অঞ্চলের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনায় সন্নিবেশিত কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতির মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে এডিজি(এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

(৩.৩) জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনায় সন্নিবেশিত কার্যক্রমসমূহ বাস্তবায়নে অধিকতর কার্যকরী ও দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৪.০। ২০২১-২২ অর্থ-বছরের জন্য প্রণীত বাংলাদেশ রেলওয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার আইটেমভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| কার্যক্রম ক্রমিক | বিষয়/কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১.১ | নৈতিকতা কমিটির সভা | এডিজি (এমএন্ডসিপি) জানান যে, NIS কর্ম-পরিকল্পনায় প্রতি কোয়ার্টারে ১টি করে সভা অনুষ্ঠান অন্তর্ভুক্ত রয়েছে। সভাপতি বলেন যে, যথাসময়ে সভা করে সিদ্ধান্ত পরিপালনের ব্যবস্থা নিতে হবে। | নিয়মিত সভা করতে হবে ও সিদ্ধান্ত পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -এডিজি(আই, আরএস, ওপি, এমএন্ডসিপি ও অর্থ)<br>-জিএম (পূর্ব ওপশ্চিম)<br>-পরিচালক(সংস্থাপন) |
| ১.৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা। | এডিজি (এমএন্ডসিপি) জানান যে, NIS কর্ম-পরিকল্পনায় অংশীজনের অংশগ্রহণে ২টি সভা অনুষ্ঠান অন্তর্ভুক্ত রয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত তারিখের মধ্যে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আহ্বান নিশ্চিত করতে হবে। | NIS কর্ম-পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আহ্বান করতে হবে ও সিদ্ধান্ত পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -এডিজি (অপারেশন)<br>-পরিচালক(পরিবহন) |
| ১.৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন। | এডিজি (এমএন্ডসিপি) জানান যে, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করা আবশ্যক। | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | -এডিজি (এমএন্ডসিপি)<br>-এসপিএলও/১ |

| কার্যক্রম ক্রমিক | বিষয়/কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১.৫ | কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডিভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির মাধ্যমে কর্মপরিবেশের উন্নয়ন করা প্রয়োজন। | স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডিভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির মাধ্যমে কর্মপরিবেশের উন্নয়ন করতে হবে। | -সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |
| ১.৬ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | সভায় জানানো হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ওয়েবসাইটে আপলোডকরা হয়েছে। পর্যায়ক্রমে ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোডকরণ করতে হবে। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করতে হবে। | -সিএসটিই/টেলিকম |
| ১.৭ | আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী বাংলাদেশ রেলওয়েয়র মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে ১ম কোয়ার্টারের নির্ধারিত লক্ষ্যমাত্রার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ফিডব্যাক সভা আয়োজন করার বাধ্যবাধকতা রয়েছে। | বাংলাদেশ রেলওয়েয়র মাঠ পর্যায়ের ১ম কোয়ার্টারের নির্ধারিত লক্ষ্যমাত্রার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ফিডব্যাক সভা আয়োজন করতে হবে। | -এডিজি (এমএন্ডসিপি)<br>-এসপিএলও/১ |
| ১.৮ | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করার বাধ্যবাধকতা রয়েছে। | ২০২১-২২ অর্থ বছরে বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | -এডিজি (এমএন্ডসিপি)<br>-সিএসটিই/টেলিকম |
| ২.১ | ২০২১-২২ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েব সাইটে প্রকাশ | ২০২১-২২ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা জরুরীভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ২০২০-২১ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | -সংশ্লিষ্ট দপ্তর/কর্মকর্তা |
| ২.২ | প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী PIC সভা আয়োজনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী PIC সভা আয়োজন করতে হবে। | -প্রধান পরিকল্পনা কর্মকর্তা |
| ২.৩ | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | সভায় জানানো হয় যে, বাংলাদেশ রেলওয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচি শতভাগ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হবে। | বাংলাদেশ রেলওয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচি শতভাগ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | -এডিজি (এমএন্ডসিপি)<br>-সিপিএলও |
| ২.৪ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, | -সকল এডিজি<br>-জিএম/পূর্ব ও পশ্চিম |

| কার্যক্রম ক্রমিক | বিষয়/কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরের উদ্যোগ গ্রহণ গ্রহণ করতে হবে। | আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরের উদ্যোগ গ্রহণ করতে হবে। | -সকল বিভাগীয় প্রধান |
| ৩.১ | রেলওয়ে সেবা সপ্তাহ আয়োজন | সভায় ৪র্থ কোয়ার্টারে সেবা সপ্তাহ আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মতামত প্রকাশ করা হয়। | ৪র্থ কোয়ার্টারে সেবা সপ্তাহ আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -এডিজি (ওপি), |
| ৩.২ | ট্রেনে টিকেট চেকিং কার্যক্রম | প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ট্রেনে টিকেট চেকিং কার্যক্রম অব্যাহত রাখা প্রয়োজন। | প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ট্রেনে টিকেট চেকিং কার্যক্রম সম্পন্ন করতে হবে। | -এডিজি (ওপি), সকল জিএম ও ডিআরএম |
| ৩.৩ | অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান | প্রতি কোয়ার্টারে বাংলাদেশ রেলওয়ের উভয় অঞ্চলে ন্যূনতম ১৫টি অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করা প্রয়োজন। | প্রতি কোয়ার্টারে বাংলাদেশ রেলওয়ের উভয় অঞ্চলে অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালনার প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -এডিজি(আই)<br>-সিইও(পূর্ব ও পশ্চিম) |
| ৩.৪ | নিরাপত্তা সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচারপত্র বিলিকরণ | নিরাপত্তা সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচারপত্র (ন্যূনতম ১০০০০) বিলিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণের মতামত ব্যক্ত করা হয়। | নিরাপত্তা সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচারপত্র (ন্যূনতম ১০০০০) বিলিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -এডিজি (ওপি)<br>-সকল জিএম ও ডিআরএম |
| ৩.৫ | জ্বালানি তেলের সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে লোকোমোটিভে ফুয়েল ট্যাকার সংযোজিত | সভায় জানানো হয় যে, জ্বালানি তেলের সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে লোকোমোটিভে ফুয়েল ট্যাকার সংযোজনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | জ্বালানি তেলের সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে লোকোমোটিভে ফুয়েল ট্যাকার সংযোজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এডিজি (আরএস) |

৫.০। পরিশেষে জাতীয় শুদ্ধাচার কৌশল-এ সন্নিবেশিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আরো আন্তরিক ও সক্রিয় প্রচেষ্টা গ্রহণ করার অনুরোধ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২.১০.২১

(এ কে এম আব্দুল্লাহ আল বাকী)
অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি)